



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২

০২২২৩৩-৮০০২৪-২৫

০২২২৩৩-৮০০৩১-৩৫

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেডিবিঃ/(শাখা-১)/৩(৭)/২০২৩-২৪/৩৩৩ (১২৫০)

তারিখঃ ০৮/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখ : ০২ আগস্ট ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখঃ ০৮ মার্চ ২০১৬ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Risk Management (CRM) for Banks এর ৩.৪ নং অনুচ্ছেদে ঋণ বিতরণের পূর্বে ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহ সম্পাদন করাসহ প্রাথমিক ও সহজামানতের উপর চার্জ ক্রিয়েশনের বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইনের Annexure-1 এ ঋণ গ্রহীতা ভিত্তিক, ঋণের ধরণ ভিত্তিক এবং ঋণের জামানত ভিত্তিক গৃহীতব্য চার্জ ডকুমেন্টসমূহ তালিকা আকারে উল্লেখ করা হয়েছে, যেখানে ঋণ গ্রহীতা এবং তৃতীয় ব্যক্তি/পক্ষের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হয়ে থাকে।

০৩। মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে ঋণ গ্রহীতাগণ এবং ঋণের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে ঋণ গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় ঋণ আদায়ের আইনগত প্রক্রিয়া গ্রহণ বিঘ্নিত হচ্ছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, ঋণ আদায়ের ক্ষেত্রে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট তৃতীয় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ : ০২ আগস্ট ২০২৩ মোতাবেক ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক


ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

বিষয় : ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাদুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/ ৩(৭)/২০২৩-২৪/ ৬৬৬ (১২৫০)

তারিখঃ ০৮/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি
ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।
- 
06/06/2026

০৬/০৬/২০২৬
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-১৫

০২ আগস্ট ২০২৩

তারিখ: -----

১৮ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ: ০৮ মার্চ ২০১৬ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Risk Management (CRM) for Banks এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। উক্ত গাইডলাইন্সের ৩.৪ নং অনুচ্ছেদে ঋণ বিতরণের পূর্বে ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহ সম্পাদন করাসহ প্রাথমিক ও সহজামানতের উপর চার্জ ক্রিয়েশনের বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইন্সের Annexure-1 এ ঋণ গ্রহীতা ভিত্তিক, ঋণের ধরণ ভিত্তিক এবং ঋণের জামানত ভিত্তিক গৃহীতব্য চার্জ ডকুমেন্টসমূহ তালিকা আকারে উল্লেখ করা হয়েছে, যেখানে ঋণ গ্রহীতা এবং তৃতীয় ব্যক্তি/পক্ষের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হয়ে থাকে।
- ৩। মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে ঋণ গ্রহীতাগণ এবং ঋণের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে ঋণ গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় ঋণ আদায়ের আইনগত প্রক্রিয়া গ্রহণ বিঘ্নিত হচ্ছে।
- ৪। বর্ণিত প্রেক্ষাপটে, ঋণ আদায়ের ক্ষেত্রে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট ৩য় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২